

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মির্জাপুর, টাঙ্গাইল।
mirzapur.tangail.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৯৩৭৭.০০০.১৬.০৩৮.২০-৬৬৪


তারিখঃ ০৫ পৌষ, ১৪২৮
২৩ জুন, ২০২২

বিজ্ঞপ্তি

অত্র উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, অসম্ভল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প এর ২৫ মে, ২০২২ খ্রি. তারিখের মুবিম/পিডি/অ.বী.সু.আ.নি.প্র/ম-০১/২০২১/৯৭২ নং স্মারকে ৩য় পর্যায়ে বীর নিবাস নির্মাণের জন্য অসম্ভল বীর মুক্তিযোদ্ধাদের তালিকা প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎনির্দেশনা মোতাবেক ৩য় পর্যায়ে বীর নিবাস নির্মাণের জন্য অত্র উপজেলার অসম্ভল বীর মুক্তিযোদ্ধাদের নির্ধারিত আবেদন ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনপত্র আগামী ২০ জুলাই, ২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। আবেদন ফরম পূরণ পূর্বক নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- ০১। নির্ধারিত আবেদন ফরম মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর ওয়েব সাইট/ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।
- ০২। আবেদনপত্রে ০২ কপি পাসপোর্ট সাইজ রঞ্জিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৩। বীর মুক্তিযোদ্ধা মৃত হলে তাঁর উত্তরাধিকারীদের সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ওয়ারিশান সনদ দাখিল করতে হবে।
- ০৪। বীর মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ/এসএসসি পাশের সনদ দাখিল করতে হবে। বীর মুক্তিযোদ্ধা মৃত হলে আবেদনকারী ও মুক্তিযোদ্ধার সম্পর্ক নির্ণয় করে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রত্যয়নপত্র এবং আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ দাখিল করতে হবে।
- ০৫। মৃত বীর মুক্তিযোদ্ধার একাধিক স্ত্রী/সন্তান থাকলে কার নামে বাড়ী বরাদ্দ চান তা উল্লেখ করে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প যে কোন একজনকে ক্ষমতা (যাচাই যোগ্য) প্রদান করে আবেদন পত্রের সাথে মূল কপি দাখিল করতে হবে। তবে স্থায়ীভাবে চলৎশক্তিহীন/প্রতিবন্ধীদের (দৃষ্টি প্রতিবন্ধী/শারীরিকভাবে কাজে অক্ষম) ক্ষেত্রে এই শর্ত কমিটির বিবেচনায় শিথিলযোগ্য হবে।
- ০৬। আবেদনপত্রে বর্ণিত জমির রেকর্ড পর্চা দাখিল করতে হবে।

(বি.দ্র. ইতোপূর্বে কেউ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় আবাসন সুবিধা পেয়ে থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই)


(মোঃ হাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মির্জাপুর, টাঙ্গাইল।